

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০১১ কাজীপাড়া, সিএন্ডবি রোড, বরিশাল।
www.youth.barisal.gov.bd

স্মারক নং- স্মারক নং- ৩৪.০৬০০.০০০.১৬.১৯৯.০৯- ১৮৮

তারিখ: ১০.০৩.২০২৪ খ্রি.

পোষাক তৈরি প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুবনারীদের বেকারত্ব দূরীকরণার্থে যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল জেলা কার্যালয়ের অধীন এপ্রিল -- জুন ২০২৪ মেয়াদে নিম্নবর্ণিত কোর্সে (অনাবাসিক) প্রশিক্ষণ ভর্তির জন্য বর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

নং	প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	সাক্ষাৎকারে তারিখ ও সময়	ভর্তি ফি
০১	পোষাক তৈরি	০৩ (তিন) মাস	অষ্টম শ্রেণী পাস	২৫.০৩.২০২৪	২৮.০৩.২০২৪ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা	৫০/= (পঞ্চাশ) টাকা মাত্র।

- প্রার্থীগণ আবেদনের জন্য অনলাইনে <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে আবেদন করতে হবে।
- অনলাইনে আবেদন ফরমে ভর্তি ফি জমা দিতে হবে না। শুধুমাত্র মৌখিক পরিক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে সরাসরি ভর্তি ফি জমা দিয়ে ভর্তি হতে হবে।
- অনলাইনে আবেদনকৃত প্রিন্ট কপি অফিসে সংশ্লিষ্ট ট্রেডে জমা দিতে হবে।
- আবেদন পত্রের সাথে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, স্থানীয় চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক দেয় নাগরিক সনদ ও জাতীয় পরিচয় পত্র / জন্ম নিবন্ধন পত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করতে হবে এবং আবেদন পত্র অত্র কার্যালয়ে দাখিল/জমা প্রদান করতে হবে।
- ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পোষ্য/ প্রতিবন্ধী/ দলিত /তৃতীয় লিঙ্গ/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এর আবেদন অগ্রাধিকার পাবে। কোটায় যারা আবেদন করবেন তাকে অবশ্যই আবেদন পত্রের উপরে লাল কালিতে কোটার ধরণ উল্লেখ করতে হবে।
- সাক্ষাতাকার ও ভর্তির সময় মূল সনদপত্রসমূহ সাথে আনতে হবে এবং এজন্য কোনো টিএ/ডিএ দেয়া হবে না।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীর মোবাইল নং, হোয়াটসএ্যাপ ও ই-মেইল থাকতে হবে।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

১০.০৩.২০২৪

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল।

ফোন নং- ০২৪৭৮৮৬১১৭৮

স্মারক নং- স্মারক নং- ৩৪.০৬০০.০০০.১৬.১৯৯.০৯-

তারিখ: ১০.০৩.২০২৪ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১. পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, বরিশাল।
০৩. উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, বরিশাল- তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৪. কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বাকেরগঞ্জ, বরিশাল।
০৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) , বরিশাল।
০৬. নোটিশ বোর্ড।

১০.০৩.২০২৪

সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল।